

দ্বিতীয় ত্যাজল হোসেন মালিক দ্বাৰা  
**দ্বিতীয়**  
**ইত্তেফাক**

# চবিতে ছাত্রলীগের দুই গ্রন্থপে সংঘর্ষ, ২০ কক্ষ ভাঙ্চুর

প্রকাশ : ০১ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 চবি সংবাদদাতা

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ছাত্রলীগের দুই গ্রন্থপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের আটজন কর্মী আহত হয়েছে। একটি মোটরসাইকেলে আগুন দেয়াসহ সোহরাওয়ার্দী হলের প্রায় ২০টি কক্ষ ভাঙ্চুর করা হয়েছে। গত বৃথবার রাত থেকে গতকাল বৃহস্পতিবার বিকেল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী ও শাহ আমানত হলের সামনে দফায় দফায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে জড়ানো গ্রন্থ দুটি হলো বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বগি ভিত্তিক সংগঠন বিজয় ও সিএফসি। দুটি গ্রন্থপাই প্রয়াত সিটি মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীর অনুসারী।

আহতরা হলেন, সিএফসি গ্রন্থপের শোয়েবুর রহমান কনক এবং রহমত উল্ল্যাহ, বিজয় গ্রন্থপের মেহেন্দি হাসান, ওসমান, ইমরান হাসান, কাকন, আবু সাত্তর ওমো. ফয়সাল।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃথবার রাতে আমানত হলের সমানে একটি দোকানে বসাকে কেন্দ্র করে বিজয় গ্রন্থপের কর্মী কাকনকে মারধর করে সিএফসি গ্রন্থপের কর্মীরা। এই ঘটনা বিজয় গ্রন্থপের কর্মীরা জানতে পেরে সোহরাওয়ার্দী হলের সামনে বিজয় গ্রন্থপের শোয়েবুর রহমান কনককে মারধর করে। পরে বিজয় গ্রন্থপের কর্মীরা সোহরাওয়ার্দী হলে এবং সিএফসি কর্মীরা শাহ আমানত হলে অবস্থান নিয়ে ইট পাটকেল নিষ্কেপ করতে থাকে। সংঘর্ষ চলাকালীন বিজয় গ্রন্থপের কর্মীরা সোহরাওয়ার্দী হলের সামনে সিএফসি গ্রন্থপের এক কর্মীর মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেয়। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

গতকাল বিকাল পর্যন্ত সিএফসি গ্রন্থপের নেতাকর্মীরা সোহরাওয়ার্দী হলে বিজয় গ্রন্থপের কর্মীদের উপর হামলা করে। এসময় বিজয় কর্মীদের প্রায় ২০টি কক্ষ ভঙ্গুর করে সিএফসি গ্রন্থ। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বিজয় গ্রন্থপের নেতা জাহেদুল আওয়াল বলেন, রাতের ঘটনা সমাধান হয়ে যাওয়ার পরে গতকাল আবার তারা আমাদের কর্মীদের ওপর অতর্কিত হামলা করে। সিএফসি নেতা রেজাউল হক রুবেল বলেন, ‘বিজয় গ্রন্থপের কর্মীরা ক্যাম্পাসে মাদকের বিস্তার করছিল। তাই আমাদের কর্মীরা তাদের প্রতিহত করে।

হাটহাজারী মডেল থানার ওসি বেলাল উদ্দিন জাহাঙ্গীর বলেন, ‘দোকানে বসাকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রন্থপের সংঘর্ষ হয়েছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ মেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।